গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোরেলগঞ্জ, বাগেরহাট।

**হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি**

**বিজ্ঞপ্তি নং-০২/১৪২৯ বঙ্গাব্দ**

www.morrelganj.bagerhat.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০১৬০.০০০.০৩.০০১.২২.১৮৬ তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮ / ০৬ মার্চ ২০২২

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখা এর ০৬ আশ্বিন ১৪১৮/২১ সেপ্টেম্বর ২০১১খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০নং স্মারকে জারিকৃত নীতিমালা এবং ০৮ ফাল্গুন ১৪২৪/২০ ফেব্রুয়ারি ২০১৮খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩নং স্মারকের পরিপত্রের আলোকে মোরেলগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ০৯ (নয়) টি হাট-বাজার ১৪২৯ বঙ্গাব্দের জন্য (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ১ (এক) বছর মেয়াদ কালের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

## হাট-বাজারের নামঃ

| ক্রঃ নং | হাট/বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪২৯ বঙ্গাব্দে ইজারার জন্য সরকারি মূল্য | দরপত্র সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | হাশেমখার হাট | দৈবজ্ঞহাটী | ৫৮৬/- | ৫০০/- |
| ০২। | বনগ্রাম হাট | বনগ্রাম | ২৪,৭০১/- | ৫০০/- |
| ০৩। | হোগলাবুনিয়া হাট | হোগলাবুনিয়া | ৬,৪১১/- | ৫০০/- |
| ০৪। | চৌকিদারের হাট | ঐ | ১৪,৫৪০/- | ৫০০/- |
| ০৫। | জয়বাংলা হাট | জিউধরা | ০ | ৫০০/- |
| ০৬। | কেয়ারের রাস্তার হাট | নিশানবাড়ীয়া | ০ | ৫০০/- |
| ০৭। | পূর্বচিপা বারইখালী হাট | খাউলিয়া | ৮১,৫৩২/- | ৫০০/- |
| ০৮। | সন্যাসীলঞ্চঘাট হাট | ঐ | ৮,২৪৮/- | ৫০০/- |
| ০৯। | কুমারখালী অপদার হাট | ঐ | ১,০৭৫/- | ৫০০/- |

## শর্তাবলীঃ-

০১। বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফশীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মুল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শণের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয় কর) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাঝা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।